

প্রিয় পরিবারবর্গ -

ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং আমাদের প্রোগ্রামগুলোর কাছে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফ সদস্যদের স্বাস্থ্য এবং মঙ্গল অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার এলাকায় ইদানিং মিসলস আক্রান্তের সংখ্যা বেড়ে যাওয়া সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য আমরা আপনাদেরকে জানাতে চাই। 9 এপ্রিল, স্বাস্থ্য কমিশনার [জারি](#) (PDF) করেছেন যে 11205, 11206, 11211 এবং 11249 জিপ কোডে বসবাসকারী প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ও শিশু যারা মিসলস, মাস্পস ও রুবেল্লা-র টিকা দেয়নি তাদের এই টিকাগুলো দিতে হবে। মিসলস প্রতিরোধের সবচেয়ে ভাল প্রতিষেধক হচ্ছে টিকা গ্রহণ। কেউ যদি MMR টিকার দুইটি ডোজ নিয়ে থাকে তার এই রোগ হবার সম্ভাবনা খুবই কম।

আপনাদের মনে করিয়ে দেয়ার জন্য জানাচ্ছি যে, নিউ ইয়র্ক স্টেট জনস্বাস্থ্য আইন অনুযায়ী সকল শিক্ষার্থীর স্কুলে পড়তে হলে বাধ্যতামূলকভাবে টিকা দিতে হবে অথবা শরীরে মিসলস প্রতিরোধ ক্ষমতা আছে তার প্রমাণ দিতে হবে, যাদের এটা থেকে অব্যাহতি অনুমোদন করা হয়েছে তারা ব্যতীত। আপনি [স্কুলের টিকা সংক্রান্ত শর্তাবলী](#) -এই ওয়েবসাইটে অথবা www.nyc.gov -এই সাইটে দেখতে পাবেন এবং ওখানে “immunization requirements” লিখে সার্চ করুন।

মিসলস একটি সংক্রামক ইনফেকশন যা থেকে জ্বর এবং চামরায় র্যাশ হয়। এই ইনফেকশন থেকে যে ধরনের সমস্যা দেখা দিতে পারে তার মধ্যে আছে নিউমোনিয়া, মস্তিষ্ক ফুলে যাওয়া, হাসপাতালে ভর্তি হওয়া এবং মৃত্যুর সম্ভাবনা। এটা অত্যন্ত ছোঁয়াচে এবং যে কখনো এই রোগের টিকা নেয়নি তারা যে কোন বয়সে এই রোগে আক্রান্ত হতে পারে।

আপনার পরিবারের সবাই মিসলস-এর টিকা নিয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য আমরা আপনাদের উৎসাহিত করছি। যদি আপনি আপনার সন্তানের টিকার ইতিহাস সম্পর্কে নিশ্চিত না থাকেন, তবে তার চিকিৎসকের কাছ থেকে নিশ্চিত হয়ে নিন যে তাকে যথাযথ টিকা দেয়া হয়েছে অথবা তার শরীরে মিসলস প্রতিরোধ ক্ষমতা আছে। কীভাবে আপনার পরিবার টিকা দিতে পারবে, তা জানতে একটি [টিকা কেন্দ্র \(ইমিউনাইজেশন ক্লিনিক\)](#) ভিজিট করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে যোগাযোগ করুন earlychildhoodpolicy@schools.nyc.gov -ঠিকানায়।

আপনাকে ধন্যবাদ।

DOE ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

